

১৫৬
২১/৮/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd


স্মারক নং ৩৭.০২.০০০০.১০৪.১২.০০২.২০২৪-৬৪১

তারিখ: ১৯/০৮/২০২৪

বিষয়: বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক পর্যায়ে কর্মরত যে সকল কর্মকর্তা ইতোমধ্যে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির সকল যোগ্যতা অর্জন করেছেন তাদেরকে নিম্নোক্ত কাগজপত্রসহ ব্যক্তিগত আবেদন প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রগ্রহণ শাখায় (১৩০ নম্বর কক্ষে) জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে আবেদন করেছেন (পূর্ব পদোন্নতির জ্যেষ্ঠতার তালিকায় যাদের নাম অন্তর্ভুক্ত ছিল) তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

- ০১। সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন;
- ০২। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্র;
- ০৩। স্থায়ীকরণের প্রজ্ঞাপন (সত্যায়িত অনুলিপি);
- ০৪। সিনিয়র ফেল পরীক্ষার প্রবেশপত্র ও পাসের প্রজ্ঞাপন (সত্যায়িত অনুলিপি);
- ০৫। নিয়মিতকরণের আদেশের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ০৬। নিয়োগ ও পদায়নের আদেশ
- ০৭। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত হালনাগাদ পি.ডি.এস।


(কিশোর কুমার মহন্ত)
উপপরিচালক (কলেজ-১)
ফোন নং- ০২৪১০৫০৬২০

অনুলিপি:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/ মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/এনসিটিবি/ সকল বোর্ড/ ডিআইএ/নায়েম/এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ৩। সংরক্ষণ নথি।